

## মনগড়া ফল প্রকাশ করায় স্কুল প্রধানকে আদালতের নোটিস

■ আদিতমারী (মালমনিরহাট) সংবাদদাতা  
সরকারি ভর্তি নীতিমালা অনুসরণ না  
করে মনগড়াভাবে বিদ্যালয়ের ভর্তির  
ফলাফল প্রকাশ করায় আদিতমারী  
জিএস মডেল স্কুল ও কলেজের প্রধান  
শিক্ষককে ৫ দিনের মধ্যে লিখিত  
ব্যাখ্যা দাখিলের নির্দেশ দিয়েছে  
আদালত।

গত মঙ্গলবার বিজ্ঞ আদিতমারী  
সিনিয়র সহকারী জজ আদালতে  
অভিভাবক আব্দুর রহিমসহ আরো  
তিনজন অভিভাবক একটি আবেদন  
করেন। এ আবেদনের প্রেক্ষিতে  
সিনিয়র সহকারী জজ সাহাবুদ্দিন  
আনছারী ৫ দিনের মধ্যে লিখিত ব্যাখ্যা  
দাখিলের নির্দেশ দিয়েছেন প্রতিষ্ঠান  
প্রধানকে।

৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির নিমিত্তে  
মাইকিংসহ ভর্তির ফরম বিক্রি করেন  
আদিতমারী, জিএস মডেল স্কুল ও

কলেজ কর্তৃপক্ষ। এরপর গত ৮  
জানুয়ারি ভর্তি পরীক্ষায় ৪৫ জন ছাত্রী  
'এবং একশ' ৩২ জন ছাত্র অংশগ্রহণ  
করেন। ভর্তি পরীক্ষা শেষে ওই দিনই  
ফলাফল প্রকাশ করেন বিদ্যালয়  
কর্তৃপক্ষ।

ফলাফল তালিকায় ছাত্রীদের  
মধ্যে ১২ জন ও পোষা ২ জন আর  
ছাত্রদের মধ্যে পরীক্ষায় অংশগ্রহণকারী  
সকল ছাত্র উত্তীর্ণ হয়েছে মর্মে ফল  
প্রকাশ করা হয়। এতে করে ছাত্রীদের  
মধ্যে বিষয়া দেখা যায়। ফলে অনেক  
মেধাবী ছাত্রী ভর্তির সুযোগ থেকে  
বঞ্চিত থেকে যায়। অভিভাবকগণ  
অভিযোগ করেন স্কোর ভিত্তিতে  
ফলাফল প্রকাশ করলে অনেক মেধাবী  
ছাত্রী এ বিদ্যালয়ে ভর্তির সুযোগ  
পেতো।

বড় ভাই একই বিদ্যালয়ের ৯ম  
শ্রেণিতে অধ্যয়নরত থাকার পরেও

প্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ  
থেকে বঞ্চিত হয়েছেন আশা মনি।

এ সব বিষয়ে প্রতিষ্ঠান প্রধান  
স্বাক্ষরিত আরা সিদ্দিকার মোবাইলে  
প্রাধিকার ফোন করেও তাকে পাওয়া  
যায়নি।